১৮৫২৬

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭০৭০৯৪৯১/২৭৯৭/ নথি নং-প্রশা- ১২১ তারিখঃ ১ .০২.২০১৮খ্রিঃ

**বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পুর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন ইসলামপুর ছাদেকিয়া বালিকা দাখিল মাদ্রাসার সুপার এর বিরুদ্ধে মাদ্রাসা সংশ্লিষ্ট ব্যক্তিদের না জানিয়ে গোপনে কাগজপত্র সৃজন করে কমিটি গঠন, অব্যবস্থাপনা, মাদ্রাসার স্বার্থ পরিপন্থি কাজ করাসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে জনাব মো: আবু ছাদেক মিয়া, প্রতিষ্ঠাতা দাবীদার অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় উপরিল্লিখিত অভিযোগসহ মাদ্রাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৪ (চার) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

01.02.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
ফরিদগঞ্জ, চাঁদপুর।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭০৭০৯৪৯১/২৭৯৭/ নথি নং-______ তারিখঃ ১ .০২.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, চাঁদপুর।
২. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৪. সভাপতি, ইসলামপুর ছাদেকিয়া বালিকা দাখিল মাদ্রাসা, ডাকঘর- ইসলামপুর, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, ইসলামপুর ছাদেকিয়া বালিকা দাখিল মাদ্রাসা, ডাকঘর- ইসলামপুর, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৬. জনাব মোঃ আবু ছাদেক মিয়া, গ্রাম- ও ডাকঘর- ইসলামপুর, ফরিদগঞ্জ, চাঁদপুর ।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

তারিখঃ ২৭/১১/১৭ ইং

প্রতি

রেজিস্টার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড

বকশি বাজার, ঢাকা।

**বিষয়ঃ ইসলামপুর ছাদেকিয়া বালিকা দাখিল মাদ্রাসায় ব্যবস্থাপনা কমিটি অভিভাবকদের না জানিয়ে গোপন ভাবে কমিটি গঠন, সরজমিনে তদন্ত সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা নেওয়া জন্য আবেদন।**

মহোদয়

সবিনয় আরজ উপরে উল্লেখিত মাদ্রাসায় সুপারিনটেনডেন্ট সাহেব পকেট কমিটি গঠনে মাদ্রাসার ছাত্র/ ছাত্রী অভিভাবকগণ ক্ষুদ্ধ হইয়া বিভিন্ন প্রতিষ্ঠানে ছাত্রী ভর্তি করিয়াছে। মাদ্রাসার সুপার, পকেট কমিটি গঠন করিয়া ব্যক্তিস্বার্থ হাসিল করিয়াছে। বিগত দিনে গোপন ভাবে কমিটি গঠন করায় আপনার দপ্তরে অভিযোগ পত্র দাখিল করিলে আপনার দপ্তরের আদেশক্রমে উপজেলা নির্বাহী অফিসার সরজমিনে তদন্ত করেন। নির্বাহী অফিসার ফরিদগঞ্জ এর পরামর্শে মাদ্রাসার সকল ছাত্রী অভিভাবক এবং প্রতিষ্ঠানের সকল শিক্ষক মন্ডলী সমন্বয়ে একটি মিটিং এ সিদ্ধান্ত প্রেক্ষিতে বিগত কমিটি বাতিল পূর্বক নতুন কমিটি গঠনের সিদ্ধান্তবলী নির্বাহী অফিসারের বরাবরে মাদ্রাসার সুপার পত্র জমা দিয়েছেন। পরবর্তীতে কি অপকৌশলে কমিটি বাতিলের পরিবর্তে অভিযোগকৃত কমিটি অনুমোদিত হয়।

বিগত কমিটির মেয়াদ আগামী ১৩/১২/২০১৭ ইং পর্যন্ত সময় থাকিলেও পরস্পর জানিতে পারলাম আগামী ২ বৎসরের জন্য পুনরায় পূর্বের কায়দায় কমিটি গঠন করিয়া মাদ্রাসা বোর্ডে প্রেরণ করিয়াছেন। এ খবর এলাকায় ছড়িয়ে পড়ায় জন সাধারণের মনে ক্ষোভের সৃষ্টি হয়। পকেট কমিটি বাতিলের লক্ষ্যে এলাকার ছাত্রী অভিভাবক বৃন্দ মাদ্রাসায় অদ্য ১৬/১১/২০১৭ ইং তারিখে বেলা ১২ টায় সাংবাদিক সম্মেলন করেন।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন, প্রতিষ্ঠানের সার্বিক স্বার্থে মাদ্রাসা বোর্ড কর্তৃক সরজমিনে তদন্ত পূর্বক কমিটি বাতিল ও পরবর্তী ব্যবস্থা নেওয়ান জন্য আবেদন করিতেছি।

নিবেদক

মোঃ আবু ছাদেক মিয়া
২৬/১১/১৭ ইং

মোঃ আবু ছাদেক মিয়া

প্রতিষ্ঠাতা

ইসলামপুর ছাদেকিয়া বালিকা দাখিল মাদ্রাসা

পোঃ ইসলমপুর

উপজেলাঃ ফরিদগঞ্জ

জেলাঃ চাঁদপুর।

মোবাইল নংঃ ০১৮২৯০৭০৯৪৯

পরামর্শ সভার সিদ্ধান্তের কপি সংযুক্তঃ

# ইসলামপুর ছাদেকিয়া বালিকা দাখিল মাদ্রাসা

গ্রাম ঃ ইসলামপুর, ডাকঘর ঃ ইসলামপুর
উপজেলা ঃ ফরিদগঞ্জ, জেলা ঃ চাঁদপুর।
স্থাপিত-১৯৮৩ইং EIIN No-103655 মোবাইল নং- ০১৮৪৮৩১৯৩৫৫

মাননীয়,
উপজেলা নির্বাহী অফিসার মহোদয়,
ফরিদগঞ্জ, চাঁদপুর।

বিষয় ঃ- কমিটির গঠন সংক্রান্ত জটিলতা নিরসন কল্পে উপস্থিত সদস্যগনের মতামত প্রেরন প্রসংগে।

জনাব,

সবিনয় আরজ গত ১৮/০৭/১৬ইং রোজ সোমবার আমাদের মাদ্রাসা খানা আপনি সরজমিনে পরিদর্শন করেন। সে দিন আপনি সকল উপস্থিতিতে মাদ্রাসার শৃংখলা রক্ষার্থে কমিটির জটিলতা নিরসন কল্পে সকল অভিভাবক ও এলাকার গন্যমান্য ব্যক্তি বর্গকে নিয়ে একটি পরামর্শ সভা করে সিদ্ধান্ত নিয়ে আপনাকে জানানোর জন্য পরবর্তী কার্য দিবস সময় বেধেঁ দেন।

-ঃ পরামর্শ সভার সিদ্ধান্ত ঃ-

আপনার সেই সুন্দর পরামর্শের আলোকে অদ্য ২৩/০৭/২০১৬ইং রোজ শনিবার সকাল ১০ঘটিকার সময় মাদ্রাসা অফিসে এলাকার গন্যমান্য ও অভিভাবক এবং শিক্ষক/ শিক্ষিকা কর্মচারীগনের এক পরামর্শ সভা আহবান করা হয়। অদ্যকার সভায় কমিটি সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এবং আলোচনান্তে সকল উপস্থিতিগনের ঐক্যমতে বিগত কমিটি বাতিল এবং নতুন করে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

অতএব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আপনার একান্ত মর্জি হয়।

সংযুক্ত ঃ-
উপস্থিতি সদস্য গনের
নাম ও স্বাক্ষর তালিকা.

বিনীত নিবেদক,
মোঃ মজিবুর রহমান
সুপার
অত্র মাদ্রাসা

সুপার/ ...
মাওঃ মজিবুর রহমান
ইসলামপুর ছাদেকিয়া বালিকা দাখিল মাদ্রাসা
ফরিদগঞ্জ, চাঁদপুর

Chairman Madrasha Shikkha Board

মাননীয়,

সংসদ সদস্য

ফরিদগঞ্জ নির্বাচনী এলাকা-০৪

ফরিদগঞ্জ, চাঁদপুর।

My PS. inquire and do the needful.

9/2/2016

ড. মোহাম্মদ শামছুল হক ভূঁইয়া
সংসদ সদস্য
২৬৩ চাঁদপুর-৪
বাংলাদেশ জাতীয় সংসদ

**বিষয় ঃ ইসলামপুর ছাদেকিয়া বালিকা দাখিল মাদ্রাসায় সরে জমিনে তদন্তের পরিবর্তে গোপনে তদন্ত গোপন তদন্ত বাতিল ক্রমে মাদ্রাসায় সরেজমিনে পুনঃ তদন্তের আবেদন।**

জনাব,

সবিনয় আরজ উপরোক্ত মাদ্রাসায় কমিটি গঠনে এবং সুপারের বিভিন্ন অনিয়মের কারনে মাদ্রাসা বোর্ডে অভিযোগ দাখিল করিলে মাদ্রাসা বোর্ড সরেজমিনে তদন্ত পূর্বক একটি প্রতিবেদন দাখিল করার জন্য নির্বাহী অফিসার ফরিদগঞ্জকে একখানা পত্র দিয়াছেন। নির্বাহী অফিসার ফরিদগঞ্জ উক্ত তদন্তের দায়িত্ব সহকারী কমিশনার (ভূমি) ফরিদগঞ্জকে প্রদান করেন। সহকারী কমিশণার (ভূমি) তদন্তের কাজ করার জন্য (ভূমি) অফিসে কাগজ পত্র নিয়া উপস্থিত থাকার জন্য আমাকে চিঠি মাধ্যমে জানাইয়াছেন। চিঠি প্রাপ্তিতে আমি (ভূমি) অফিসে উপস্থিত হইয়া সরেজমিনে তদন্ত করার জন্য সহকারী কমিশণার (ভূমি) বরাবরে দরখাস্ত করি। (দরখাস্ত সংযুক্ত)

দীর্ঘদিন পর সহকারী কমিশনার (ভূমি) মাদ্রাসায় উপস্থিত হইয়া আমাকে ফোন করিলে আমি সাক্ষাৎ করি। তিনি আমাকে জানান আমি অন্য স্থানে গিয়াছিলাম, যাওয়ার পথে আপনার মাদ্রাসা একটু দেখে গেলাম। এই বলে তিনি চলে গেলেন। পরে জানতে পারলাম রাস্তার উপরে দোকানের সামনে কয়েকজন লোকের নিকট হইতে সহকারী কমিশণার (ভূমি) পরিচয় দিয়া সাদা কাগজে দস্তখত নিয়াছেন। অফিসে খবর নিয়া জানতে পারলাম সহকারী কমিশণার (ভূমি) তদন্ত কাজ শেষ করে রিপোর্ট মাদ্রাসা বোর্ডে পাঠাইয়া দিয়াছেন। মাদ্রাসা সরেজমিনে তদন্তের পরিবর্তে ভূমি অফিসে একতরফা তদন্ত করার কারন বুঝা গেল না।

আমার অভিযোগের প্রেক্ষিতে তদন্ত কি করলেন আমি কিছুই জানতে পাললাম না। দীর্ঘ দশ বছর যাবত মাদ্রাসার সুপার গোপনে কমিটি গঠন করিয়া মাদ্রাসায় উপস্থিত না থাকিয়া ও সরকারি বেতন ভোগ করিতেছেন। ছাত্রী অভিভাবকগণ সুপারের উপর রাগান্বিত হইয়া ছাত্রীদের বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়ে যায়। দুর্নিতী দূর করার জন্য অভিযোগ দিয়া ছিলাম। গোপনে একতরফা তদন্তের কারণে দূর্নিতী আরও বাড়বে। প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যাওয়ার সম্ভাবনা।

অতএব আমার আরজ এই যে, গোপন তদন্ত বাতিল ক্রমে সরেজমিনে মাদ্রাসার বিভিন্ন মুখি সমস্যা সমাধানের লক্ষ্যে পুনঃ তদন্ত করার সদয় পরবর্তী ব্যবস্থার জন্য বিণীত ভাবে আরজ করেতেছি।

তারিখ ঃ 9/2/2016ইং

নিবেদক

মো: আবু ছাদেক মিয়া

(মোঃ আবু ছাদেক মিয়া)
প্রতিষ্ঠাতা
ইসলামপুর ছাদেকিয়া বালিকা মাদ্রাসা
ফরিদগঞ্জ, চাঁদপুর।
মোবাঃ 01829070949

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
NATIONAL ID CARD / জাতীয় পরিচয় পত্র



নাম: মোঃ আবু ছাদেক মিয়া
Name: Md Abu Sabeque Mia
পিতা: মৃত ইসমাইল মিয়াজী
মাতা: মৃত মাছুমা খাতুন
Date of Birth: 31 Jul 1949

ID NO: 1314513708165

এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোষ্ট অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ঠিকানা: বাসা/হোল্ডিং: মিয়াজী বাড়ী, গ্রাম/রাস্তা: ইসলামপুর, দক্ষিন পাড়া, ডাকঘর: ইসলামপুর - ৩৬৫৫, ফরিদগঞ্জ, চাঁদপুর

রক্তের গ্রুপ / Blood Group: B-

প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর    প্রদানের তারিখ: ০১/০৬/২০০৮